



# চাকরি খোঁজার বাধ্যবাধকতা পূরণ করা



চাকরি খোঁজার বাধ্যবাধকতার উদ্দেশ্য হল চাকরিপ্রার্থীদের শ্রমবাজারে সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশনা দেওয়া, বিভিন্ন কর্মসংস্থানের সুযোগ অন্বেষণ করা এবং চাকরি খোঁজার বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা।

## চাকরি খোঁজার বাধ্যবাধকতা মূলত চাকরির জন্য আবেদন করার মাধ্যমে পূরণ করা হয়।

চাকরিপ্রার্থী কোন চাকরির জন্য আবেদন করবেন তা বেছে নিতে পারেন, যদি তারা নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করেন :

### 1. কাজটি প্রায় দুই সপ্তাহের বেশি সময়ের জন্য।

### 2. চাকরির প্রকৃতি চাকরিপ্রার্থীর দক্ষতা এবং যোগ্যতার উপযুক্ত।

- চাকরিপ্রার্থীরা বিভিন্নভাবে চাকরির জন্য আবেদন করতে পারেন, যেমন এমপ্লয়মেন্ট অফিসের ওয়েবসাইট Työmarkkinatori-তে চাকরির বিজ্ঞাপনে সাড়া দিয়ে অথবা তাদের নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে, যে কাজগুলির বিজ্ঞাপন দেওয়া হয়না।
- একজন চাকরিপ্রার্থী বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে চাকরির জন্য আবেদন করতে পারেন, যেমন ইলেকট্রনিক ডকুমেন্ট পাঠিয়ে, ফোন করে , সরাসরি কর্মক্ষেত্রে গিয়ে, অথবা রিক্রুটিং -এর অনুষ্ঠানে অংশগ্রহণ করে।
- যদি কোনও চাকরিপ্রার্থী কর্মসংস্থান কর্তৃপক্ষের কাছ থেকে কোনও কাজের বিষয়ে জানতে পারেন, তাহলে তিনি সেই চাকরির জন্য আবেদন করে তাদের চাকরি খোঁজার বাধ্যবাধকতা পূরণ করতে পারেন।

## চাকরি খোঁজার বাধ্যবাধকতা পূরণ করা যাবে না

- প্রশিক্ষণ, কোর্স বা কোচিংয়ের মতো পরিষেবার জন্য আবেদন করে।
- কর্মসংস্থান কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত কোনো নির্দিষ্ট চাকরির জন্য আবেদন করে।
- Työmarkkinatori-ওয়েবসাইটে একটি চাকরি খোঁজার প্রোফাইল প্রকাশ করে।

## অন্যান্য কার্যকলাপ, যা বিকল্প হিসাবে, চাকরি খোঁজার বাধ্যবাধকতা পূরণ করে

চাকরিপ্রার্থীদের তাদের ব্যক্তিগত প্রশিক্ষকের সাথে এই বিষয়ে আলোচনা করা উচিত যাতে চাকরি খোঁজার বাধ্যবাধকতা পূরণের বিভিন্ন বিকল্প সম্পর্কে আরও বিস্তারিত নির্দেশনা পাওয়া যায়।

- নিয়োগকারী/রিক্রুটিং কোম্পানির কর্মচারী রেজিস্টারে নিবন্ধন করা।
- কাজের জন্য অনুদান মঞ্জুর করার আবেদন।
- ব্যবসা শুরু করার সাথে সম্পর্কিত সুনির্দিষ্ট পদক্ষেপ, যেমন একটি ব্যবসার পরিকল্পনা প্রস্তুত করা।
- ব্যবসার একজন উদ্যোক্তা হিসেবে কাজের সুযোগের জন্য সম্পর্ক তৈরি করা, উদাহরণস্বরূপ সম্ভাব্য ক্লায়েন্টদের সাথে যোগাযোগ করা এবং দরপত্র/টেন্ডারে অংশগ্রহণ করা।
- দুই সপ্তাহের কম সময়ের কাজের সুযোগের জন্য আবেদন করা। (এমন পরিস্থিতিতে প্রযোজ্য যেখানে, নির্দিষ্ট কারণে, চাকরির সন্ধান তিন মাসের মধ্যে শেষ হচ্ছে।) বিষয়টি কর্মসংস্থান পরিকল্পনায় অথবা কোনো বিকল্প পরিকল্পনায় আলাদাভাবে সম্মত করা হয়েছে।
- আপনার বর্তমান নিয়োগকর্তার কাছ থেকে অতিরিক্ত কাজের ঘন্টার জন্য অনুরোধ করা। (যারা পার্ট-টাইম এবং শূন্য-ঘন্টার (0' আওয়ার) চুক্তিতে কাজ করেন তাদের ক্ষেত্রে প্রযোজ্য।) এই পদক্ষেপের মাধ্যমে, কাজ খোঁজার বাধ্যবাধকতার দায়িত্ব একবারের জন্য পূরণ করা যেতে পারে, অথবা যদি একাধিক কর্মসংস্থানের সঙ্গে সম্পর্ক থাকে, তাহলে একটি কর্মসংস্থানের সম্পর্কের মাধ্যমে একবার কাজ খোঁজার বাধ্যবাধকতা পূরণ করা যেতে পারে।
- ইন্টারনেটে একটি পোর্টফোলিও, কাজের নমুনা বা চাকরি খোঁজার প্রোফাইল প্রকাশ করা, যেমন LinkedIn। (উদাহরণস্বরূপ, বিশেষজ্ঞ এবং শিল্পীদের ক্ষেত্রে প্রযোজ্য, যাদের কর্মসংস্থানের জন্য নেটওয়ার্কিং প্রয়োজন।) এই পদক্ষেপটি এককালীন ভিত্তিতে কাজ খোঁজার বাধ্যবাধকতা পূরণের জন্য ব্যবহার করা যেতে পারে, অর্থাৎ একই প্ল্যাটফর্মে বারবার চাকরি খোঁজার প্রোফাইল প্রকাশ করলে কাজ খোঁজার বাধ্যবাধকতা পূরণ হয় না।